



অতিষ্ঠাতা: আলহাজু মোহাম্মদ আব্দুল খালেক



সোমবার

২৭ সেপ্টেম্বর ২০২১

www.edainikazadi.net | ফোন: ০২-৫৫৪ | ৬২৫৮ বর্ষ ২০ মাস | ১২ অক্টোবর ১৯৮৮ সাল | ১৬ মাস ১৪৫০ দিন

৮ পৃষ্ঠা

১ টাকা



সুবিধাবণ্ণিত নারীদের প্রশিক্ষণ কর্মসূচিতে অতিথিবৃন্দ

সুবিধাবণ্ণিত নারীদের হাতের কাজের প্রশিক্ষণ দিচ্ছে ভাসা ফাউন্ডেশন

চট্টগ্রামের প্রায় এক হাজার সুবিধা বণ্ণিত নারীকে বিনামূল্যে সেলাই, এমব্রয়ডারি, ব্লক-বাটিক ও কারচুপি কাজের ওপর প্রশিক্ষণ কার্যক্রম শুরু করেছে বেসরকারি উন্নয়ন সংস্থা ভোলান্টারি একটিভিটিস ফর সোস্যাল অ্যান্ড হিউম্যান এডভালম্যান ফাউন্ডেশন (ভাসা ফাউন্ডেশন)। ট্রেনিং ফর ক্ষিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রতিটি সেক্টরের প্রশিক্ষণার্থীদের ৩৬০ ঘণ্টা করে প্রশিক্ষণ দেয়া হবে। ইতোমধ্যেই চট্টগ্রামের পাহাড়তলী, সীতাকুণ্ড, খুলশী, কুমিরা, হালিশহর এলাকায় এই প্রশিক্ষণ চলছে। গত শনিবার নগরীর বন্দর থানাধীন মুকৌপাড়া এলাকায় এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতির বক্তব্যে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল বলেন, তীব্র প্রতিযোগিতার এই যুগে একজন কর্মক্ষম ব্যক্তিকে দক্ষ করে গড়ে তোলার কোন বিকল্প নাই। তাই আত্মকর্মসংস্থান বৃক্ষ ও দারিদ্র্যা মোচনে ভাসা ফাউন্ডেশন সুবিধাবণ্ণিত নারীদের জন্য বিভিন্ন হাতের কাজের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করেছে। ৯৬০০ জন সুবিধা বণ্ণিত নারী এই কর্মসূচির আওতায় প্রশিক্ষণ গ্রহণ করবেন। উদ্বোধন অনুষ্ঠানে প্রশিক্ষণের জন্য সদস্যদের মাঝে প্রশিক্ষণ সরঞ্জাম বিতরণ করা হয়। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন মো. হাবিবুল্লাহ, রাজু চৌধুরী, বিজয় পাল, রেজাইল করিম, হেলাল উদ্দিন, জাফরাতুল ফেরদৌস, মো. মানিক, রফি, ববি, মারিয়া, তানিয়া, রশিদা প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি।